

‘ইভিএমে চিপ ঢুকিয়ে ভোট চুরি করতে পারে’

জনসভা থেকে কর্মী-সমর্থকদের সজাগ থাকতে বললেন মমতা

নিজস্ব প্রতিনিধি, উত্তর ২৪ পরগনা, ১০ এপ্রিলঃ বাহিরে থেকে লোক ঢোকাচ্ছে বিজেপি। ভোটের অশান্তির জন্য আসছে টাকা, ড্রাগ ও অস্ত্রোস্ত্র। শুক্রবার উত্তর ২৪ পরগনার স্বরূপনগর বিধানসভা কেন্দ্রের তেঁতুলিয়া হাই স্কুলের মাঠে জনসভা থেকে আবারও ভোটের ‘বহিরাগত’ সমস্যা নিয়ে সতর্ক করলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। ভিন রাজ্যেও এ ভাবে ভোট করাচ্ছে বিজেপি। তাঁর অভিযোগ, বৃহস্পতিবার অসমের ভোটে ব্যাপক জালিয়াতি হয়েছে। সেই একই কায়দায় বাংলাতেও ভোটের দিন ভোট জালিয়াতি করা হতে পারে বলে আশঙ্কা নেত্রীরা। এ দিন স্বরূপনগর বিধানসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী বীনা মণ্ডলের সমর্থনে নির্বাচনী প্রচারে গিয়েছিলেন মমতা। সেখানেই বিজেপির বিরুদ্ধে ভোট চুরির অভিযোগ করেন তিনি। তৃণমূল সুপ্রিমোর গেরুয়া শিবিরের বিরুদ্ধে জোরালো অভিযোগ তুলে দাবি করেন, “অন্য রাজ্য থেকে পশ্চিমবঙ্গে লোক ঢোকাচ্ছে বিজেপি। বৃহস্পতিবার অন্যত্র ভোট দেওয়ার জন্য উত্তরপ্রদেশ থেকে ট্রেনে চাপিয়ে ৫০ হাজার জনকে নিয়ে যাওয়া হয়েছিল।” তাঁর কথায়, শুধু অসমের মানুষ যদি ভোট দিতেন তো বিজেপির জেতা সম্ভব ছিল না। কিন্তু বহিরাগতদের দিয়ে ভোটদান



বাড়তি সতর্ক থাকতে অনুরোধ করেন নেত্রী। প্রসঙ্গত, স্বরূপনগরের সভা থেকে গেরুয়া শিবিরের উদ্দেশ্যে যখন তৃণমূল সুপ্রিমো আক্রমণ শানাচ্ছেন, তখন জেলার অন্যপ্রান্তে এক অভিজাত হোটেলের সভায় বিজেপির ১৫ দফা প্রতিশ্রুতির কথা বাংলাকে শোনাচ্ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এসআইআর-

এ নাম কাটা প্রসঙ্গেও তোপ দাগেন তৃণমূল নেত্রী। তিনি বলেন, “সুপ্রিম কোর্টের নির্দেশ ছিল যারা বাতিল হয়েছেন তাদের নথি পরে দিয়ে প্রমাণ করতে হবে। ট্রাইব্যুনাল এখনও সুপ্রিমোর কথায়, বিজেপি ‘দু-মুখো সাপ’, ‘জল্লাদ’। তাদের হাত থেকে বাংলাকে বাঁচাতে তিনি যতদূর লড়াই চালিয়ে যেতে হয় চালাবেন। ধর্ম নিয়েও বিজেপির বিরুদ্ধে রাজনীতি

(ধর্মস্থান) ভাঙি না, বরং গড়ে দিই।” কাউন্টিংয়েও স্লো কাউন্টিং করে দলের এজেন্টদের মন ভেঙে দেওয়ার চেষ্টা করা হতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেন তৃণমূল সুপ্রিমো। তাঁর অনুমান, গণনার দিন ইচ্ছে করে বিজেপির এগিয়ে থাকা এলাকার ভোট আগে কাউন্ট করে মোবাইল ভেঙে দেওয়ার চেষ্টা করবে। কিন্তু এজেন্টরা যাতে মান্বপথ থেকে আশাহত হয়ে ফিরে না আসেন, সেই নিয়ে কড়া নির্দেশ দেন নেত্রী। তিনি বলেন, “কাউন্টিংয়ের রেজাল্ট নিয়ে তবে বেরোবেন এজেন্টরা। তার আগে বেরোবেন না।” ২৬-এর আগস্টের পরে দিল্লির সরকারকে টার্গেট করবে বাংলা বলে হুঁশিয়ারি দেন মমতা। তৃণমূল ভোট দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বিজেপিকে ‘গণতন্ত্রের থান্ডার বোল্ট’ দেওয়ার আর্জি জানান আমজনতার কাছে। মমতার অভিযোগ, “রাজস্থান, দিল্লি, অসমে ছেলেমেয়েদের উপর অত্যাচার করছে ডবল ইঞ্জিন সরকার। লজ্জা করে না! এখন বাংলার মাটিতে এসে বলছে সুনার বাংলা গড়বে। ওদের জিভ টেনে ছিড়ে নেওয়া উচিত মানুষের গণতন্ত্রের মাধ্যমে।” বিজেপির বিরুদ্ধে অভিযোগ তুলে মমতার আরও বলেন, “দাঙ্গা করে ক্ষমতায় এসেছে। ঠাকুরার বুলি নয়, মিথ্যের ফুলঝুড়ি নিয়ে ছুটছে।”

হাজার মোড়ে সংগ্রামী যৌথ মঞ্চের সভা করার অনুমতি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ এপ্রিলঃ আবেদন খারিজ করেছিল পুলিশ। তবে সংগ্রামী যৌথ মঞ্চকে হাজার মোড়ে শর্ত মেনে সভা করার অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। শুক্রবার বিচারপতি সৌভাগ্য ত্রিচার্যের সিদ্ধান্ত রেকর্ড এই অনুমতি দিয়েছে। ফলে আগামী ১২ এপ্রিল হাজার মোড়ে সভা করার ক্ষেত্রে কোনও বাধা রইল না সংগ্রামী যৌথ মঞ্চের। যদিও একাধিক শর্ত মানতে হবে তাদের। এদিন রাজ্যের আইনজীবীর কাছে বিচারপতি সৌভাগ্য ত্রিচার্য জানতে চান, হাজার মোড়ে কি কোনও সংগঠনকে সভা করতে দেওয়া হয় না? যদি তাদের কোনও বাধা না থাকে, তাহলে এদের ক্ষেত্রে বাধা কোথায়? ওই এলাকা ১৪৪ (বিএনএস ১৬৩)-র আওতায়ও নয়। এরপরই একাধিক শর্তে সভা করার অনুমতি দেন বিচারপতি। হাইকোর্ট নির্দেশ দিয়েছে, ১২ এপ্রিল বেলা ১২টা থেকে বিকেল ৬টা পর্যন্ত সভা করতে পারবে সংগ্রামী যৌথ মঞ্চ। তবে কোনও মিছিল করা যাবে না। এক হাজার লোক নিয়ে সভা করা যাবে। কোনওভাবে ট্রাফিক ব্যবস্থার সমস্যা করা যাবে না। শব্দ বিধি মানতে হবে। আদালত মনে করে, এমন সভার ক্ষেত্রে একটা ভারসাম্য রাখা জরুরি। মিছিল-সভা করার অধিকার যেমন হরণ করা যায় না, তেমনি তার জন্য নাগরিকের সমস্যা তৈরি করাও কামা নয়। প্রসঙ্গত, সংগ্রামী যৌথ মঞ্চ দাবি জানিয়েছে, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে এআইসিপিআই অনুযায়ী অবিলম্বে বকেয়া ডিএ মিটিয়ে দিতে হবে। আবার কিছুদিন আগে নির্বাচনের কাজে নিযুক্ত এক সরকারি কর্মীর উপর হামলার ঘটনাও ঘটেছে। ওই সরকারি কর্মীর উপর হামলার ঘটনা সম্পর্কে নির্বাচন কমিশনকে জানানো হলেও পদক্ষেপ করা হয়নি বলে অভিযোগ। এরকম একাধিক দাবিতে ১২ এপ্রিল হাজার মোড়ে সভার ঘোষণা করে সংগ্রামী যৌথ মঞ্চ। সেই সভার অনুমতি দেয়নি পুলিশ। তারপরই হাইকোর্টের দ্বারস্থ হয় সংগ্রামী যৌথ মঞ্চ। এদিন শর্তসাপেক্ষে সভার অনুমতি দিল হাইকোর্ট।

বিজেপি ইস্তেহার প্রকাশ করতেই পাল্টা পয়েন্ট নিয়ে হাজির অভিষেক

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ এপ্রিলঃ গেরুয়া শিবির শুক্রবার প্রকাশ করেছে ২৬-এর নির্বাচন দলের ইস্তেহার ‘সংকল্প পত্র’। কয়েকঘণ্টা যেতেই, তার পাল্টা পয়েন্ট তুলে সংবাদ মাধ্যমের সামনে হাজির হন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি। মনে করালেন নিজের করা ৭৫৭ দিন আগের টুইট। অভিষেক বললেন, “আমি আশা করেছিলাম, যেভাবে গত ছ’মাস ধরে এসআইআর-এর নামে নির্বাচন কমিশন এবং বিজেপি বাংলায় প্রহসন চালিয়েছে, স্বরাষ্ট্রমন্ত্রী এসে আগে বাংলার মানুষের কাছে ক্ষমা চাইবেন তারপর বক্তব্য শুরু করবেন। তিনি ফ্রোনোলজি, ডিটেস্ট, ডিলিট, ডিপোর্টের কথা বলেছিলেন।” এসআইআর প্রসঙ্গে অভিষেক বলেন, “এসআইআর ডিটেস্ট করার প্রথম ধাপ। তাঁর কথা অনুযায়ী। এখনও পর্যন্ত যে নাম বাদ দিয়েছে তালিকা থেকে, প্রথম যে তালিকা ফেরারি মাসে প্রকাশিত হয়, সেখানে প্রায় ৫৮ লক্ষ নাম বাদ দিয়েছিল, পরবর্তীকালে সাড়ে পাঁচ-ছ’ লক্ষ নাম বাদ দিয়েছিল। বিচার্যধীন তালিকায় ২৭ লক্ষ নাম বাদ। সব মিলিয়ে প্রায় ৯০ লক্ষের উপরে নাম, বাংলা থেকে বাদ দিয়েছে। তার মধ্যে প্রায় ৬৩ শতাংশ নাম হিন্দু বাঙালি।” অভিষেকের কথায় অসমের প্রসঙ্গ, এনারসি প্রসঙ্গ। তুললেন, ভিন রাজ্যে বাঙালিদের উপর অত্যাচারের প্রসঙ্গ। অভিষেকের কথায় এদিন শেষ হাসিনা প্রসঙ্গ। বলেন, “বাংলাকে যদি বাংলাদেশ পরিচালিত করে তাহলে দিল্লিতে শেষ হাসিনা কী করছেন? জবাব আছে? দেড় বছর ধরে নরেন্দ্র মোদির সরকার কী কারণে আশ্রয় দিয়েছে? কোন শিল্পপতিকে বাঁচানোর জন্য। শেষ হাসিনার স্ট্যাটাস কী? তিনি কি অনুপ্রবেশকারী না শরণার্থী? অমিত শাহ জবাব দিতে পারবেন?” বিজেপির ইস্তেহারের প্রতিশ্রুতি পয়েন্ট ধরে ধরে পাঁচটা জবাব দেন



দিয়েছেন আবাস যোজনায়? শ্রেতপত্র প্রকাশ করুন। আজও করেনি।” অভিষেক বললেন, “যারা দুর্নীতির শ্রেতপত্র প্রকাশ করবে বলে দাবি করেছে, সবমুহুরে দুর্নীতিগ্রস্ত যারা বিভিন্ন প্রান্তের, যাদের উপর ভূরিভুরি অভিযোগ, ইডি-সিবিআই ডেকে ঘণ্টার পর ঘণ্টা জিজ্ঞাসাবাদ করেছে, পরেরদিন বিজেপিতে গিয়েছে, সব ষোয়া তুলসিপাতা হয়ে গিয়েছে।” বিজেপির সংকল্প প্রকাশের সময় শাহ বলেন, সকল সরকারি কর্মী ও পেনশনভোগীদের ডিএ সুনিশ্চিত করা হবে বাংলায় ক্ষমতায় এলে। ৪৫ দিনের মধ্যে সন্তোষ বেনেদ কমিশন চালু করার কথাও বলা হয়েছে। অভিষেক বললেন, “তিনি বাংলার বাজেট পড়েনইনি।” বিজেপির ইস্তেহারের চাকরির

প্রতিশ্রুতিকেও কটাক্ষ করেন অভিষেক। সঙ্গেই বলেন, “সারা বাংলা জুড়ে পাঁচ হাজার লোক দেখাক, যাকে নরেন্দ্র মোদির সরকার, গত ১২ বছর ক্ষমতায় থাকার পরে, কোনও যুবক বা যুবতীর হাতে একটা কর্মসংস্থানের নিয়োগপত্র তাঁদের কেন্দ্রের সরকার তুলে দিয়েছে।” এদিন অভিষেক বলেন, “ইডি-সিবিআই যখন রেড করতে আসে, তখন তো রাজ্যের পুলিশকে জানিয়ে আসে না। সরাসরি আসে। আপনি যদি দু’কোটি ৪২ লক্ষ মহিলাকে বিনে হাজার টাকা দিতে চান, রাজ্য সরকারকে বাইপাস করে সরাসরি দিন। কেউ তো বাধণ করছে না। আপনি যদি যুবক-যুবতীদের তিন হাজার টাকা দিতে চান, তার সঙ্গে ভোটের কী। আপনি দিন সরাসরি, কেউ তো বাধণ করছে না।” এদিন সাংবাদিক বৈঠক অভিষেক একটি ছবি দেখান। অমিত শাহ বিমান থেকে নামার পর আসানসোলের কোল মাফিয়া জয়দেব থা-কে দেখা যায়। অমিত শাহকে তাঁকে ফুল দিতে দেখা যায়। অভিষেকের অভিযোগ, ওই ব্যক্তি আসানসোল এলাকার সব থেকে বড় কোল মাফিয়া। তাঁর হাত থেকেই শাহ ফুল নিচ্ছেন। এদিকে দুর্নীতি নিয়ে তৃণমূলকে আক্রমণ করা হচ্ছে। এই জয়দেব থা-এর বিরুদ্ধে ইডি, সিবিআই তদন্ত হবে না কেন? সেই প্রশ্নও তুলেছেন তিনি। অভিষেক এদিন বলেন, “বিজেপি নাকি তৃণমূলের বিরুদ্ধে দুর্নীতি ইস্যুতে শ্রেতপত্র প্রকাশ করবে। আসানসোলের সব থেকে বড় কোল মাফিয়া অমিত শাহকে ফুল দিচ্ছে। জিজ্ঞেস করবেন, ক’পাসা নিয়েছেন, আর কতবার একে ইডি-সিবিআই ডেকেছে? বিজেপির দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ের নিদর্শন।” প্রহ্লাদ যোশীর সঙ্গে জয়দেব শাহের ছবি এদিন সামনে এনেছেন অভিষেক। বাংলার মানুষকে বোকা বানাতে বিজেপি এসেছে, সেই কটাক্ষও এদিন অভিষেক করেন।

বৃন্দাবনে নৌকাডুবি, ১০ জনের মৃত্যু, নিখোঁজ একাধিক

সংবাদ সংস্থা, মথুরা, ১০ এপ্রিলঃ আজ, শুক্রবার মথুরার বৃন্দাবনে নৌকাডুবিতে মৃত্যু হল ১০ জনের। নিখোঁজ একাধিক মানুষ। এদিন দুপুর ৬টাে ১৫ নাগাদ দুর্ঘটনাটি ঘটে বৃন্দাবনের যমুনা নদীর কেশী ঘাটের কাছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আপাতত ১৫ জনকে জীবিত অবস্থায় উদ্ধার করা হয়েছে। বর্তমানে তাঁরা স্থানীয় হাসপাতালে চিকিৎসাধীন। জানা গিয়েছে, হতাহতরা সকলেই পাঞ্জাবের বাসিন্দা। তাঁরা তীর্থযাত্রী এবং পর্যটক।



পনটুন ব্রিজে মেরামতির কাজ চলছিল। সেই সময় আচমকাই নৌকাটি ব্রিজে ধাক্কা মারে। এরপর ভায়সাম্য হারিয়ে মায়নদীতে উল্টে যায়। জলে ডুবে মৃত্যু হয় ১০ জনের। বাকিদের উদ্ধার করতে এগিয়ে আসেন স্থানীয় বাসিন্দা এবং অন্যান্য নৌকার মাঝিরা। ১৫ জনকে

উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়। তবে দুর্ঘটনার সময় ওই নৌকাটিতে ঠিক তজন্য যাত্রী ছিলেন তা এখনও পর্যন্ত জানা যায়নি। খবর পেয়ে কেশী ঘাটে সৌঁছয় পুলিশ এবং উদ্ধারকারী দলও। বর্তমানে নিখোঁজদের খোঁজে নদীতে তল্লাশি চালানো হচ্ছে। নামানো হয়েছে ডুবরিঙা মথুরা জেলা প্রশাসন পুরো বিষয়টির উপর নজর রেখেছে। এই ঘটনায় ইতিমধ্যেই শোক প্রকাশ করেছে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

মহিলা ও যুবদের মাসে ৩ হাজার, জোর নারী সুরক্ষায় ১৫ ‘সংকল্প’ বিজেপির

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ এপ্রিলঃ আজ নির্বাচনী ইস্তাহার প্রকাশ করল বিজেপি। উপস্থিত ছিলেন অমিত শাহ। ১০ হাজার বিশিষ্টের সঙ্গে কথা বলে সংকল্পপত্র তৈরি করা হয়েছে। অমিত শাহ বলেন, “এই সংকল্পপত্র বাংলাকে নিরাশা থেকে বের করে দিশা দেখাবে। মহিলা থেকে কৃষক সবস্তরের মানুষকে আলো দেখাবে। বিকশিত ভারতের রোডম্যাপ সংকল্পপত্র। রবীন্দ্র জয়ন্তীতে নতুন বাংলা গঠন করা হবে।” মোট ১৫টি সংকল্প নেওয়া হয়েছে। বিজেপির সংকল্পপত্রে প্রধান্য পেয়েছে মহিলা, যুব থেকে কৃষি, শিল্প। এর আগে বহুবার

মহিলাদের ৩ হাজার টাকা- বাংলার মহিলাদের সাবলবী করতে মাসে তিন হাজার টাকা দেওয়া হবে। মাসের ১ তারিখ থেকে ৫ তারিখের মধ্যে অ্যাকাউন্টে টাকা দেওয়া হবে। ৩. নতুন চাকরি ও যুবদের ৩ হাজার টাকা- আগামী পাঁচ বছরে ১ কোটি মানুষের জন্য নতুন চাকরি ও স্বনির্ভর হওয়ার সুযোগ তৈরি করা হবে। যুবক- যুবতিদের চাকরি না হওয়া পর্যন্ত প্রতি মাসে ৩ হাজার টাকা দেওয়া হবে। ৪. দুর্গা সুরক্ষা স্কোয়াড- মহিলাদের নিরাপত্তার জন্য থাকবে বিশেষ মহিলা পুলিশ ব্যাটালিয়ন। নাম দুর্গা সুরক্ষা স্কোয়াড। রাজ্যের সমস্ত সরকারি চাকরিতে মহিলাদের

নিশ্চিত করা হবে। ৯. প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা- রাজ্যের প্রতিটি মৎস্যজীবীকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার অধীনে নথিভুক্ত করা হবে। অর্থনীতিকে চান্স করতে রাজ্যকে একটি শিল্প কেন্দ্র ও দেশের অন্যতম প্রধান মাছ রপ্তানিকারক রাজ্যে উন্নিত করা হবে। ১০. চা ও পাট শিল্পে জোর- পুরনো চা বাগানগুলির উন্নয়ন, দার্জিলিং চায়ের বিশৃঙ্খলীন ব্র্যান্ডিং করা হবে। একইসঙ্গে পাটশিল্পের আধুনিকীকরণ করা হবে। ১১. অভিন্ন দেওয়ানি বিধি- অভিন্ন দেওয়ানি বিধি প্রণয়ন করা হবে। গবাদিপশু পাচার রোধে কঠোর



বিভিন্ন বিজেপি নেতা-মন্ত্রীদের মুখে শোনা গিয়েছে, বিজেপি ক্ষমতায় এলে মহিলাদের তিনহাজার টাকা দেওয়া হবে। বিজেপির ইস্তাহারে সেই সংকল্পই নেওয়া হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের লক্ষ্যের ভাঙারের পাঁচটা বিজেপির অমূল্য প্রকল্প। অমিত শাহ জানিয়েছেন, বিজেপির সরকার গঠন হলেই মহিলাদের মাসে ৩ হাজার টাকা দেওয়া হবে। বেকার যুবকদের জন্য ৩ হাজার টাকা দেওয়ার প্রতিশ্রুতি বিজেপি। কী কী রয়েছে সংকল্প পত্রে- ১. অনুপ্রবেশে জিরো টল্যারেন্স নীতি- বিজেপির প্রথম সংকল্প, অনুপ্রবেশ মুক্ত বাংলা গড়ে তোলা হবে। অমিত শাহ বলেন, বিজেপি বাংলায় সরকার গঠন করলে অনুপ্রবেশকারীদের বেছে বেছে বের করে আনবা। অনুপ্রবেশ মুক্ত সরকার গঠন করা হবে। ২.

জনা ৩৩ শতাংশ আসন সংরক্ষণ করা হবে। অমিত শাহ জানিয়েছেন, অন্তঃসঙ্গাকে এককালীন ২১ হাজার টাকা দেওয়া হবে। এছাড়া, সরকারি বাসে মহিলাদের ভাড়া মকুবের সংকল্প নেওয়া হয়েছে। ৫. সন্তোম পে কমিশন- সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের ডিএ অর্থাৎ মর্হাষ ভাতা সুনিশ্চিত করা হবে। সন্তোম বেনেদ কমিশন চালু হবে। ৪৫ দিনে শূন্যপদ পূরণ করা হবে। ৬. সিভিকিট রাজ নির্মূল- কাটমানি সাংস্কৃতিক সিভিকিট রাজ নির্মূল করা হবে। ৭. শ্রেতপত্র- গত ১৫ বছরে তৃণমূল সরকারের দুর্নীতি ও আইনশৃঙ্খলার অবক্ষয়ের খতিয়ান তুলে ধরতে একটি বিশেষ শ্রেতপত্র প্রকাশ করা হবে। ৮. চাষিদের ন্যায্যমূল্য- ধান, আলু ও আম চাষে বিশেষ সরকারি সাহায্য ও কৃষকদের জন্য ফসলের ন্যায্য মূল্য

ব্যবস্থা নেওয়া হবে। ১২. আয়ুস্মান ভারত ও মহিলাদের বিনামূল্য স্তন ক্যানসার পরীক্ষা- বাংলাতে আয়ুস্মান ভারত চালু করা হবে। এছাড়া বাকি কেন্দ্রীয় প্রকল্পগুলিও চালু করা হবে। মহিলাদের জন্য বিনামূল্যে এইচপিডি টিকাकरण স্তন ক্যানসার পরীক্ষা চালু করা হবে। উত্তরবঙ্গে নতুন এইসম ও নতুন আইআইটি ও আইআইএম ক্যাম্পাস তৈরি করা হবে। ১৩. অষ্টম তফসিলে কুড়মালি ও রাজবংশী ভাষা- বিজেপির সংকল্পপত্র অনুযায়ী, ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলে কুড়মালি ও রাজবংশী ভাষা অন্তর্ভুক্ত করা হবে। ১৪. বিশেষ বন্দে মাতরম সংগ্রহশালা তৈরি করা হবে। ১৫. ধর্মচারণে স্বাধীনতা নিশ্চিত করতে আইন তৈরি করা হবে।

‘জঞ্জাল করেছে তৃণমূলই, এক বছরের মধ্যে শেষ হবে কাজ!’

নিজস্ব প্রতিনিধি, ডেবরা, ১০ এপ্রিলঃ ২৬-এর বিধানসভার নির্বাচনেও মেদিনীপুরের রাজনীতিরা অন্যতম ভরকেন্দ্র হয়ে দাঁড়িয়েছে সেই বহুচর্চিত ‘ঘাটাল মাস্টার প্ল্যান’। দশকের পর দশক ধরে তুলে থাকা এই প্রকল্প নিয়ে তৃণমূল ও বিজেপির চাপানউতোর এবার চরমে পৌঁছেছে। শাসক দল যখন কেন্দ্রের বন্ধনাকে অস্ত্র করে প্রচারে নেমেছে, ঠিক তখনই পাঁচটা দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুক্রবার ডেবরায় নির্বাচনী জনসভা থেকে শাহ সাফ জানিয়ে দিলেন, এই প্রকল্প বাস্তবায়িত না হওয়ার জন্য দায়ী একমাত্র তৃণমূলের অপশাসন। এমনকী রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে মাত্র এক বছরের মধ্যে এই কাজ শেষ করার প্রতিশ্রুতিও দিয়েছেন তিনি। দীর্ঘদিন ধরেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ, ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে কেন্দ্রীয় সরকার চূড়ান্ত অসহযোগিতা করেছে। ২০১৪ সালে এই প্রকল্পের জন্য আর্থিক সহায়তার প্রস্তাব পাঠানো হলেও দিল্লি তাতে কর্ণপাত করেনি বলেই দাবি তাঁর। সম্প্রতি সিদ্ধুর থেকে এই প্রকল্পের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, রাজ্যের নিজের তহবিল থেকেই এই কাজ সম্পন্ন করা হবে। প্রাথমিকভাবে দেড় হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং ২০২৭ সালের মার্চের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তবে শুক্রবার ডেবরায় সভায় অমিত শাহ সম্পূর্ণ ভিন্ন দাবি করেন। তিনি মুখ্যমন্ত্রীর সারাসরি আক্রমণ করে

বলেন, “নরেন্দ্র মোদিজি এই প্রকল্পের জন্য দেড় হাজার কোটি টাকা পাঠিয়েছিলেন। ৬০ শতাংশ অর্থ কেন্দ্রীয় সরকার দিতে চেয়েছিল। কিন্তু তৃণমূল সরকারই ঘাটাল মাস্টার প্ল্যানকে আক্ষরিক থাকা এই প্রকল্প নিয়ে তৃণমূল ও বিজেপির চাপানউতোর এবার চরমে পৌঁছেছে। শাসক দল যখন কেন্দ্রের বন্ধনাকে অস্ত্র করে প্রচারে নেমেছে, ঠিক তখনই পাঁচটা দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুক্রবার ডেবরায় নির্বাচনী জনসভা থেকে শাহ সাফ জানিয়ে দিলেন, এই প্রকল্প বাস্তবায়িত না হওয়ার জন্য দায়ী একমাত্র তৃণমূলের অপশাসন। এমনকী রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে মাত্র এক বছরের মধ্যে এই কাজ শেষ করার প্রতিশ্রুতিও দিয়েছেন তিনি। দীর্ঘদিন ধরেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ, ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে কেন্দ্রীয় সরকার চূড়ান্ত অসহযোগিতা করেছে। ২০১৪ সালে এই প্রকল্পের জন্য আর্থিক সহায়তার প্রস্তাব পাঠানো হলেও দিল্লি তাতে কর্ণপাত করেনি বলেই দাবি তাঁর। সম্প্রতি সিদ্ধুর থেকে এই প্রকল্পের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, রাজ্যের নিজের তহবিল থেকেই এই কাজ সম্পন্ন করা হবে। প্রাথমিকভাবে দেড় হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং ২০২৭ সালের মার্চের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তবে শুক্রবার ডেবরায় সভায় অমিত শাহ সম্পূর্ণ ভিন্ন দাবি করেন। তিনি মুখ্যমন্ত্রীর সারাসরি আক্রমণ করে

তিনি প্রার্থী হতে রাজি হন। সে সময় মমতা ঘোষণা করেছিলেন, কেন্দ্র টাকা না দিলে রাজ্যই তা করে দেখাবে। ২০২৪-এর লোকসভা নির্বাচনে জয়ের পর সেই কাজের তৎপরতাও বেড়েছে। শুক্রবারই এই প্রসঙ্গ মুখ খুললেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সাংবাদিক বৈঠক থেকে অমিত শাহকে নিশানা করে তিনি বলেন, “ঘাটাল মাস্টার প্ল্যান সম্পর্কে উনি জানেন না। রাজ্য টাকা দিয়েছে। সেটা জানতে হবে। বরষ রাখে না কেন্দ্রীয় সরকার। আমি দেবেল প্রচারে গিয়ে বলেছিলাম, কেন্দ্র না দিলে আমরা করব। অমিত শাহ সেটা জানেন না।” রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, মেদিনীপুরের মানুষের আবেগ এবং দীর্ঘদিনের ভোগান্তি জড়িয়ে রয়েছে এই মাস্টার প্ল্যানের সঙ্গে। একদিকে রাজ্য সরকারের নিজস্ব অর্থে কাজ করার দাবি, অন্যদিকে শাহের ‘এক বছরে সমাপ্তি’র প্রতিশ্রুতি - এই দুইয়ের লড়াইয়ে ভোটদাররা শেষ পর্যন্ত কার ওপর আস্থা রাখেন, সেটাই এখন দেখার বিষয়। প্রসঙ্গত, ঘাটাল মাস্টার প্ল্যান বাস্তবায়িত হলে পশ্চিম মেদিনীপুরের ৭টি ব্লক - ঘাটাল, পূর্ব ঘাটাল ১ ও ২, চন্দ্রকোনা ১ ও ২, কেশপুর ও ডেবরা ছাড়াও পূর্ব মেদিনীপুরের ৪টি ব্লক - পার্কচুড়া ১, কোলাঘাট, ময়না ও তমলুক, পাশাপাশি ঘাটাল ও পাঁচকুড়া পুরসভার মানুষ উপকৃত হবেন। মোট প্রায় ১০ লক্ষ মানুষ বন্যা ও জলঘব্বণার হাত থেকে মুক্তি পাবে বলে ওয়াশিংটন থেকে জানা গিয়েছে।

ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে আশ্বাস শাহর

ঘাটাল মাস্টার প্ল্যান তৈরি করে এই অঞ্চলের নিকাশি সমস্যার স্থায়ী সমাধান করে দেবা।” ঘাটাল মাস্টার প্ল্যানকে কেন্দ্র করে রাজনীতির ইতিহাস অবশ্য বেশ পুরনো। বাম জমানায় এই পরিকল্পনার রূপরেখা তৈরি হলেও তা খাতা-কলমেই সীমাবদ্ধ ছিল। ২০১১ সালে রাজ্যে পালাবদলের পর এই দাবি আরও জোরালো হয়। গত লোকসভা নির্বাচনের ঠিক আগে ঘাটালের বিদায়ী সাংসদ তথা অভিনেতা দেব এই ইস্যুতে সরব হয়েছিলেন। এমনকি যথাযথ প্রতিশ্রুতি না পেলে তিনি আর ভোট ময়দানে নামবেন না বলেও ইঙ্গিত দিয়েছিলেন। শেষ পর্যন্ত মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আশ্বাসে

প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেনের জন্মবার্ষিকীতে শ্রদ্ধা

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের



নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১০ এপ্রিল : প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেনের জন্মবার্ষিকী উপলক্ষে শুক্রবার শ্রদ্ধা জানানেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।সমাজ মাধ্যম এল্লা হ্যান্ডলে এক বার্তায় মমতা বন্দ্যোপাধ্যায় লিখেছেন,- বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেনের জন্মবার্ষিকীতে আমি তাঁর প্রতি আমার গভীর শ্রদ্ধা ও সশ্রদ্ধ অভিবাদন জানাই। উল্লেখ্য, এই রাজ্যের তৃতীয় মুখ্যমন্ত্রী হিসেবে গুরুদায়িত্ব পালন করেছিলেন প্রফুল্ল চন্দ্র সেন। ১৯৬২ সালে তিনি পশ্চিমবঙ্গের তৃতীয় মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন এবং ১৯৬৭ সাল পর্যন্ত এই পদে অধিষ্ঠিত ছিলেন। তাঁর জন্ম সেনহাটি গ্রামে। অধুনা বাংলাদেশের খুলনা জেলার এই গ্রামে আজকের দিনেই জন্মগ্রহণ করেন তিনি। ১৯২১ সালে গান্ধীজির অসহযোগ আন্দোলনের আহ্বানে সাড়া দিয়ে তিনি রাজনৈতিক জীবন বেছে নেন। হুগলি জেলার আরামবাগে জীবনের অধিকাংশ সময় অতিবাহিত করেন। ৬০ বছর সেখানে জীবনযাপনের পাশাপাশি জীবন যুঁড়ে ও রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে থাকেন। আরামবাগের গান্ধী হিসেবেও জনপ্রিয় ছিলেন তিনি।

ভোটার তালিকায় নাম বাদ নিয়ে স্বরূপনগরের সভা থেকে গর্জে উঠলেন মমতা



উত্তর ২৪ পরগনা, ১০ এপ্রিল : শুক্রবার স্বরূপনগরে তেঁতুলিয়ায় হাই স্কুল ফুটবল মাঠের জনসভা থেকে ভোটার তালিকায় নাম বাদ নিয়ে গর্জে উঠলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। বিজেপি ও নির্বাচন কমিশনের এক বন্ধনীতে রেখে তীব্র আক্রমণ করেন তৃণমূল সুপ্রিমো। বলেন, সুপ্রিম কোর্টের রায় ছিল কাগজপত্র দিয়ে টাইবুনালে আবেদন করতে পারবেন। কিন্তু এখনও টাইবুনালের ক্রাজাই শুরু হয়নি। তার মধ্যে একত্রমাসের সেল হয়ে গিয়েছে। তার মধ্যে ৯০ লক্ষ মানুষের নাম বাদ গিয়েছে, তার মধ্যে নাকি ৬০ লক্ষই হিন্দু, আর ৩০ লক্ষ মুসলমান। খবরের কাগজে দেখলাম। এই বিষয়ে ব্লক স্তরে সমীক্ষার পর তৃণমূলের তরফে যা বলার বলা হবে।মমতা বলেন, যদি রাজ্যের এখন চালু যে প্রকল্পগুলো চালাতে হয়, মানুষকে সুস্থ রাখতে হয় তাহলে অন্য কাউকে নয়, কে প্রার্থী ভুলে যান সরকার যদি আমাদের চান, তাহলে আমরা ভোট দিন। এক এক করে রাজ্য সরকারের সব প্রকল্পগুলির নাম করে মমতা বলেন, কিছুই বাকি নেই, ১০৫টা স্কিম সবটাই বাকি করা হয়েছে। আমাদের সঙ্কল্প, লক্ষীর ভান্ডার আজীবন পাবেন মা ও বোনো। যুবসাথী থাকবে। সবার পাকা বাড়ি হবে। এক কোটি বাড়িতে নলের জল পৌঁছেছে। যেটুকু বাকি আছে সব জায়গায় পৌঁছে। কর্মীদের উদ্দেশে বলেন, ভোট শেষ না হওয়া পর্যন্ত কেউ চলে যাবেন না। মেশিনে কারচুপি করবে। মনে রাখবেন চিপ ঢুকিয়ে ভোট চুরি করতে পারে। আমাদের কর্মীরা লড়ে নেবে, বাইরে থেকে লোক ঢোকাচ্ছে বলে মনে হয়।

যোষণা

দূরন্ত প্রকাশন (প্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথাযথতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞানগুণ্ডলি শুধুমাত্র সরল বস্তুতে গ্রহণ করা হয়। এই যোগ্যতা বরাবর সেরকার স্পেশাল ব্রহ্মই ব্রাঞ্জে নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

দেশে জ্বালানির মজুত পর্যাণ্ড, সরবরাহ স্বাভাবিক- আশ্বাস কেন্দ্রের

নয়াদিিল্লি(সংবাদ সংস্থা), ১০ এপ্রিল:পশ্চিম এশিয়ার অস্থির পরিস্থিতির মাঝেও দেশের জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগের কোনও কারণ নেই- এমনটাই স্পষ্ট জ্ঞানাল কেন্দ্র। গত বুধবার আন্তঃমন্ত্রক পর্যা়ের সাংবাদিক বৈঠকে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা আশুস্ত্ব করে বলেন, দেশে এলপিজি, পেট্রোল ও ডিজেলের মজুত পর্যাপ্ত রয়েছে এবং সরবরাহ ব্যবস্থাও সম্পূর্ণ স্বাভাবিকভাবে চলছে।তিনি জানান, সাংশ্রুতিক যুদ্ধ পরিস্থিতির কারণে কিছু সময়ের জন্য এলপিজি সরবরাহে বিঘ্ন তৈরি হয়েছিল। সেই পরিস্থিতিতে গার্হস্থ্য গ্রাহকদের অগ্রাধিকার দেওয়া হয়। দেশের প্রতিটি পরিবারে রান্নার গ্যাসের নিরবচ্ছিন্ন জোগান নিশ্চিত করতে বাণিজ্যিক এলপিজি সরবরাহ নিয়ন্ত্রণ করা হয়েছিল। তবে বর্তমানে পরিস্থিতি অনেকটাই স্থিতিশীল এবং সরবরাহ স্বাভাবিক ছন্দে

হুমায়ুন কবীরের সঙ্গে জোট প্রত্যাহার আসাদউদ্দিনের দলের



কলকাতা, ১০ এপ্রিল : ডিডিও ফাঁস হওয়ার পরেই হুমায়ুন কবীরের সঙ্গে জোট প্রত্যাহার করল আসাদউদ্দিন ওয়েইসির দল এআইএমআইএম। শুক্রবার সমাজ মাধ্যম এল্ল হ্যান্ডলে একটি পোস্টে এআইএমআইএম-এর তরফে জানানো হয়, আগামী দিনে আর কোনও দলের সঙ্গে জোট না করে স্বতন্ত্র ভাবেই বিধানসভা নির্বাচনে লড়তে তারা। একই সঙ্গে এআইএমআইএম-এর তরফে শপথ জানানো হয়, হুমায়ুনের ডিডিও প্রকাশ্যে আসার পর স্পষ্ট যে বাংলার

আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যেরহ প্রতিটি বুথে ওয়েবকাস্টিং

ক ল কাতা, ১০ এপ্রিলঃ আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যেরহ প্রতিটি বুথে ওয়েবকাস্টিং বা ক্যামেরার মাধ্যমে সরাসরি নজরদারিতে ভোটের গোপনীয়তা লঙ্ঘন নিয়ে ছড়ানো বিভ্রান্তি নির্বাচন কমিশন খারিজ করে দিয়েছে। রাজ্যএর মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে জানানো হয়েছে, ভয়মুক্ত ও বাধাহীন পরিবেশে স্বচ্ছ নির্বাচন করতে ‘ জিরো টলারেন্স’ নীতিতে এক্ষেত্রে নির্বাচন কমিশন। সেই লক্ষ্যেই রাজ্যের প্রতিটি বুথে ১০০ শতাংশ ওয়েবকাস্টিংয়ের সিদ্ধান্ত

ভোটের মুখে রাজ্যজুড়ে ইডির সাঁড়াশি অভিযান, রেশন দুর্নীতি মামলায় ১২ জায়গায় তল্লাশি

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১০ এপ্রিল :বিধানসভা নির্বাচনের আগে ফের সক্রিয় হল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। রেশন বণ্টন দুর্নীতি মামলায় শুক্রবার সকাল থেকেই কলকাতা, মুর্শিদাবাদ, বর্নগাঁ ও হাওড়া-সহ রাজ্যের মোট ১২টি জায়গায় একযোগে তল্লাশি অভিযান শুরু করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ইডি সূত্রে খবর, দুর্নীতির জাল কটটা বিস্তৃত এবং এর সঙ্গে কোন কোন প্রভাবশালী ব্যক্তির যোগ রয়েছে, তা খতিয়ে দেখতেই এই মারাত্মন তল্লাশি চালানো হচ্ছে।তদন্তে উঠে এসেছে বসন্ত কুমার শরাক নামে এক ব্যবসায়ীর নাম। অভিযোগ, তাঁর একটি বেসরকারি সংস্থার মাধ্যমে



ফিরেছে।এদিনের বৈঠকে বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রকের অতিরিক্ত সচিব মুকেশ মঙ্গল পারস্য উপসাগর অঞ্চলের পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরেন। তিনি বলেন, সংশ্লিষ্ট মন্ত্রক, বিশেষ মন্ত্রক এবং বিভিন্ন দেশে অবস্থিত ভারতীয় মিশনের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয়ের মাধ্যমে গোটা পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে। বিশেষ করে ভারতীয়

নাবিকদের নিরাপত্তা নিশ্চিত করতে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে।মুকেশ মঙ্গলের বক্তব্য অনুযায়ী, জাহাজ মালিক ও আরপিএসএল সংস্থাগুলির সঙ্গে যৌথভাবে কাজ করে ডিজি শিপিংয়ের কন্স্টোল রংম ইতিমধ্যেই ৫,৪৮০টিরও বেশি ফোনালক এবং ১১,৭০০টি ইমেল পরিচালনা করেছে। শুধু

রাজ্যসভায় শপথ নীতীশের, শুভেচ্ছা প্রধানমন্ত্রীর



নয়াদিিল্লি(সংবাদ সংস্থা), ১০ এপ্রিল :রাজ্যসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। ভারতের উপরাষ্ট্রপতি ও রাজ্যসভার চেয়ারম্যান সি. পি. রাধাকৃষ্ণন শুক্রবার সংসদ ভবনে বিহার থেকে নির্বাচিত রাজ্যসভার সদস্য হিসেবে নীতীশ কুমারকে শপথবাক্য পাঠ করান।শপথ নেওয়ার পর নীতীশ কুমারকে মর্যাদা আরও বৃদ্ধি করবে। রাজ্যসভার সাংসদ হিসেবে শপথ গ্রহণ করায় আমি তাঁকে আন্তরিকভাবে অভিনন্দন জানাই।

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রীর মন্তব্য থিরে উত্তপ্ত ইজরায়েল-পাকিস্তান কূটনৈতিক সম্পর্ক, তীব্র প্রতিক্রিয়া তেল আবিবের

তেল আবিব, ১০ এপ্রিল : পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফের মন্তব্যকে কেন্দ্র করে ইজরায়েল ও পাকিস্তানের মধ্যে কূটনৈতিক উত্তেজনা নতুন করে বৃদ্ধি পেয়েছে। জেনারেল ইজরায়েলের সাম্প্রতিক সামরিক অভিযানের প্রেক্ষিতে দেওয়া তাঁর বক্তব্য থিরে দুই দেশের মধ্যে তীব্র বাত-যুদ্ধ শুরু হয়েছে।ঘটনাক্রম অনুযায়ী, বুধবার রাতে ইজরায়েল লেবাননে ব্যাপক বিমান হামলা চালায়। ওই হামলায় একাধিক লক্ষ্যবস্তুতে আঘাত হানা হয় বলে দাবি করা হয়।এরপর বৃহস্পতিবার পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফ সাক্ষাৎিক মাধ্যমে ইজরায়েলকে কান্দার রাষ্ট্র বলে উল্লেখ করেন এবং গাজা ও লেবাননে চলমান সামরিক অভিযানের চরম সমালোচনা করেন।এই মন্তব্যের পরই ইজরায়েল সরকার তীব্র প্রতিক্রিয়া জানায়। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ্বর দফতরে এক সামাজিক মাধ্যমে এক পোস্টে এই মন্তব্যকে লজ্জাজনক ও নিন্দনীয় বলে অভিহিত করে

চণ্ডীপুরে নাকা তল্লাশিতে উদ্ধার ১৬ লক্ষাধিক নগদ টাকা

পূর্ব মেদিনীপুর, ১০ এপ্রিল : অবধা ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে নিচান কমিশনের নির্দেশে পূর্ব মেদিনীপুর জেলাজুড়ে জোরদার নাকা তল্লাশি চালানো হচ্ছে। এই অভিযানের অংশ হিসেবেই চণ্ডীপুর এলাকায় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর যৌথ তল্লাশিতে উদ্ধার হলো বিপুল পরিমাণ নগদ টাকা।পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাত প্রায় দেড়টা নাগাদ চণ্ডীপুর থানার অন্তর্গত বরোজ বাজার এলাকায় কেন্দ্রীয় বাহিনী, এসএসটি এবং চণ্ডীপুর থানার একটি যৌথ দল তল্লাশি শুরু করে।

গত ২৪ ঘণ্টায়ই ১৩৯টি কল এবং ৬৭৬টি ইমেল পাওয়া গেছে, যা পরিস্থিতির গুরুত্ব ও তপরতার ইঙ্গিত দেয়।তিনি আরও জানান, সাম্প্রতিক সময়ে ৬৬ জন নাবিককে নিরাপদে দেশে ফিরিয়ে আনা হয়েছে। সব মিলিয়ে এখনও পর্যন্ত ৭৫৪ জনেরও বেশি ভারতীয় নাবিককে বিদেশ থেকে দেশে ফেরানো সম্ভব হয়েছে। কেন্দ্রীয় সরকার এই উদ্ধার চক্রিয়া অব্যাহত রাখবে বলেও আশ্বাস দিয়েছেন তিনি।পশ্চিম এশিয়ার অস্থিরতার জেরে আন্তর্জাতিক বাজারে জ্বালানির সরবরাহ ও পরিবহণ নিয়ে যখন অনিশ্চয়তা তৈরি হয়েছে, তখন কেন্দ্রের এই আশ্বাস সাধারণ মানুষের কাছে স্বস্তির বার্তা হিসেবেই ধরা দিচ্ছে। সরকারের দাবি, পরিস্থিতি নিবিাভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনে দ্রুত পদক্ষেপ নিতে সব রকম প্রস্তুতি নেওয়া রয়েছে।

রাজ্যে আলুর বাম্প্পার ফলনের জেরে হিমঘরগুলিতে রেকর্ড পরিমাণ সংরক্ষণ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০এপ্রিলঃ এই বছর রাজ্যে আলুর বাম্প্পার ফলনের জেরে হিমঘরগুলিতে রেকর্ড পরিমাণ সংরক্ষণ হয়েছে। প্রায় ৮০ লক্ষ টনের কাছাকাছি আলু ইতিমধ্যেই হিমঘরে মজুত হয়েছে, যা রাজ্যে এখনও পর্যন্ত সর্বোচ্চ। গত বছর এই পরিমাণ ছিল প্রায় ৭৪ লক্ষ টন। পাশাপাশি মোট উপাদানও রেকর্ড ছুঁয়েছে। প্রায় দেড় কোটি টন আলু উপাদিত হয়েছে বলে কৃষি দফতর সূত্রে জানা গিয়েছে।হিমঘরে আলু সংরক্ষণের প্রক্রিয়া ইতিমধ্যেই শেষ হয়েছে। আগামী মে মাস থেকে সংরক্ষিত আলু বাজারে আসতে শুরু করবে। এর বাইরে মাঠ থেকে ওঠা নতুন আলু এখনও বাজারে চাহিদা মেটাচ্ছে। বাংলার আলু ইতিমধ্যেই তিন রাজ্যেও পাঠানো শুরু হয়েছে-রেলের মাধ্যমে অসম ও ত্রিপুরায় এবং ট্রাকের মাধ্যমে অন্যান্য রাজ্যে আলু যাচ্ছে, যার বা অংশ হুগলি ও পশ্চিম মেদিনীপুরের উৎপাদন। বাম্প্পার ফলন হলেও দাম বা সংরক্ষণ নিয়ে কৃষকদের উদ্বেগের কোনও কারণ নেই বলে আশুস্ত্ব করেছে রাজ। কৃষি দফতর জানিয়েছে, চাষিদের ন্যায্য দাম নিশ্চিত করতে সরকার প্রতি কুইন্টাল ৯৫০ টাকা দরে সরাসরি আলু কিনছে। সরকারি ও বেসরকারি-উভয় ধরনের হিমঘরেই এই ক্রয় প্রক্রিয়া চলছে।রাজ্যে মোট প্রায় ৮২ লক্ষ মেট্রিক টন আলু সংরক্ষণের ক্ষমতা রয়েছে। তার মধ্যে এখনও পর্যাপ্ত জায়গা খালি রয়েছে বলে জানানো হয়েছে। নির্দেশ দেওয়া হয়েছে, হিমঘরের অন্তত ৬০ শতাংশ জায়গা ছোট ও প্রান্তিক চাষিদের জন্য সরক্ষিত রাখতে হবে।চাষিরা যাতে হিমঘরে সহজে আলু রাখতে পারেন এবং পরে সুবিধাজনক সময়ে বিক্রি করতে পারেন, তার জন্য ব্যাক খণের ব্যবস্থাও সহজ করা হয়েছে। হিমঘর মালিক, ব্যাঙ্ক ও জেলা প্রশাসনের মধ্যে সমন্বয় করে প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

ভারতরত্ন মোরারজি দেশাইয়ের পুণ্যতিথিতে শ্রদ্ধা নিবেদন মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদবের

ভোপাল, ১০ এপ্রিল : মহান স্বাধীনতা সংগ্রামী তথা ভারতরত্ন সম্মানে ভূষিত প্রাক্তন প্রধানমন্ত্রী মোরারজি দেশাইয়ের পুণ্যতিথিতে বিনম্র শ্রদ্ধা নিবেদন করলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব। শুক্রবার এই উপলক্ষে প্রবীণ জননেতাকে স্মরণ করে তাঁর প্রতি শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী।ডঃ যাদব তাঁর শোশ্যাল মিডিয়া হ্যান্ডলে 'এল্ল'-এ একটি পোস্টের মাধ্যমে লিখেছেন- প্রাক্তন প্রধানমন্ত্রী, 'ভারতরত্ন' শ্রদ্ধেয় মোরারজি দেশাইজির পুণ্যতিথিতে বিনম্র শ্রদ্ধা নিবেদন করছি। আপনার সন্তানগিষ্ঠা, সরলতা এবং জাতির প্রতি অটুট সমর্পণ আমাদের সর্বদা জনসেবা



এবং জাতি গঠনের পথে এগিয়ে যেতে অনুপ্রাণিত করবে।উল্লেখ্য, ১৯৯৫ সালের ১০ এপ্রিল মুম্বইয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিলেন মোরারজি দেশাই। তিনি ছিলেন ভারতের চতুর্থ প্রধানমন্ত্রী। দেশের প্রথম অ-কংগ্রেসি নেতা হিসেবে তিনি প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণ করে এক ঐতিহাসিক নজির গড়েছিলেন।

হরিবংশকে রাজ্যসভায় মনোনীত করলেন রাষ্ট্রপতি

নয়াদিিল্লি(সংবাদ সংস্থা), ১০ এপ্রিল : রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু হরিবংশকে রাজ্যসভায় মনোনীত করেছেন। একজন মনোনীত সদস্যের অবসরের কারণে সৃষ্ট শূন্যপদ পূরণের জন্য সংবিধানের বিধান অনুসারে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হরিবংশ রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। উল্লেখ্য, সংসদের উচ্চকক্ষের সদস্য হিসেবে হরিবংশের মেয়াদ বৃহস্পতিবার (৯ এপ্রিল) শেষ হয়েছে।ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি রঞ্জন গগৈ-এর রাজ্যসভা থেকে অবসরের কারণে সৃষ্ট শূন্যপদে হরিবংশকে রাজ্যসভার সদস্য হিসেবে মনোনীত করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু। ৬৯ বছর বয়সি হরিবংশ বিহারের প্রতিনিধিত্ব করে রাজ্যসভার সদস্য হিসেবে তাঁর দু'বারের মেয়াদ পূর্ণ করেছেন। তিনি উচ্চকক্ষের ডেপুটি চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেছেন। পুনরায় রাজ্যসভায় মনোনীত হওয়ায় ২০৬২ সাল পর্যন্ত রাজ্যসভার সদস্য থাকবেন তিনি।প্রসঙ্গত, রাজ্যসভায় মোট ১২ জন মনোনীত সাংসদ রয়েছেন, যাদের রাষ্ট্রপতি নিয়োগ করেন। শিল্প, সাহিত্য, বিজ্ঞান এবং সমাজসেবায় অসামান্য অবদানের ভিত্তিতে এই সাংসদদের নির্বাচন করা হয়। জেডিউএ এবারে হরিবংশকে রাজ্যসভায় পুনরায় মনোনীত করেনি। রাষ্ট্রপতি কর্তৃক তিনি মনোনীত হয়েছেন।

কে আই আই এফ সি ২০২৬-এ বালমলে সন্ম্যা, সম্মানিত বাংলার কৃতি ব্যক্তিত্বরূা



কলকাতা, ১০ এপ্রিল :শিল্পের শহর কলকাতার আইসিসিআর-এ বৃহস্পতিবার সন্ম্যায় উদযাপিত হলো কলকাতা ইন্টারন্যাশনাল ইন্ডিপেন্ডেন্ট ফিল্ম অ্যান্ড কালচারাল ফেস্টিভ্যাল (কে আই আই এফ সি) ২০২৬। চলচ্চিত্র, সাহিত্য, সঙ্গীত এবং সমাজসেবার বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এ বছর বাংলার একাধিক গুণী ব্যক্তিত্বকে সম্মানিত করা হয়েছে।অনুষ্ঠানের অন্যতম আর্থগ্ন ছিল বিভিন্ন মর্যাদাপূর্ণ সম্মান প্রদান। রাজশেখর সম্মান পেয়েছেন বিশিষ্ট পরিচালক গৌতম ঘোষ এবং গুরু দত্ত সম্মান প্রদান করা হয়েছে জনপ্রিয় অভিনেতা চিরঞ্জিত চক্রবর্তীকে। সাহিত্য জগতে অবদানের জন্য সুকান্ত সম্মান পান শীর্ষেশ মুখোপাধ্যায়। এছাড়া লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয় শ্রীকুমার চট্টোপাধ্যায়কে। থিয়েটার ও অভিনয়ে বিশেষ অবদানের জন্য উপলব্ধ দত্ত সম্মান পান সুমন মুখোপাধ্যায় এবং বিজন ভট্টাচার্য সম্মান পান দেবশঙ্কর হালদার।চলচ্চিত্র বিভাগে সেরা হলোনা হিসেবে নির্বাচিত হয়েছে অন্নপূর্ণা বসু পরিচালিত 'সার্থপর'। এই সিনেমার 'এই শোন' গানের জন্য সেবা গায়ক হয়েছেন রূপঙ্কর বাগচী এবং সেরা গীতিকার হয়েছেন প্রদ্যোম অন্যাদিকে ' পুতুল নাচের ইতিকথা' সিনেমার জন্য অনিয়ার চ্যাট্টাঙ্গী সেরা প্লেব্যাক সিন্দার (মহিলা) সম্মান পেয়েছেন।' চোষের

রাশিফল

মেসঃ আজকের দিনটা মেস রাশির জন্য খুবই গুরুত্বপূর্ণ হতে চলেছে। কাজের জায়গায় আপনি অনেক বেশি অ্যাকটিভ আর এনার্জেটিক এখনও। প্রেম আসতে পারে আজ ষুষঃ আপনার প্রত্যাশা পূরণের জন্য ব্যক্তিগত সম্পর্কের অপব্যবহার আপনার স্বীকে বিরক্ত করবে।

মিথুনঃআজকের দিনটা আপনার জন্য অনেক সুযোগ নিয়ে আসবে, তবে নিজের ভাবনা আর অনুভূতি স্পষ্টভাবে প্রকাশ করা দরকার। **কর্কট রাশি** :কোন সাধু ব্যক্তির আশীর্বাদ মনের শান্তি এনে দেবে। আপনি যদি ছাত্র হন এবং বিদেশে পড়াশোনা করতে চান তবে ঘরে বসে আর্থিক সঞ্চট আপনাকে আজ বিরক্ত করতে পারে। শুভদিন হবে **সিংহঃ** আজকের দিনটা সিংহ রাশির জন্য নতুন সুযোগে ভরা থাকবে। আপনার পজিটিভ এনার্জি আর আত্মবিশ্বাস অন্যদের আকর্ষণ করবে। আর্থিক উন্নতি হতে পারে।

কন্যাঃআপনার সন্ম্যা মিশ্র আবেগে মিশ্রিত হবে যা আপনাকে উত্তেজিত রাখবে। কিন্তু বেশি চিন্তা করার কোন প্রয়োজন নেই- কারণ আপনার সুখ আপনাকে হতাশার চেয়ে বেশি আনন্দ দেবে। অর্থ বায়। **তুলাঃ** মেজাজের গোলমাল একটি বিতর্ক এবং বোঝাপড়ার দিকে এগোতে পারে। বিবাহের যোগ হবে **বৃশ্চিকঃ** আজকের দিনটা বৃশ্চিক রাশির জন্য মিশ্র অভিজ্ঞতা নিয়ে আসবে। শুভ রং লাল হতে পারে। **ধনুঃ** আজকের দিনটা ধনু রাশির জন্য পজিটিভিটি আর নতুন সম্ভাবনায় ভরা থাকবে। শুভদিন। **মকরঃ** বন্ধুরা সন্ধ্যাবেলার জন্য আকর্ষণীয় কিছু পরিকল্পনা করে আপনার দিনটি উজ্জ্বল করে তুলবে। আর্থিক উন্নতি হতে পারে। **কুর্ভঃ** সামান্য জিনিসে মন দেবেন না। আপনার ভাইবোদদের সহায়তায় আজ আপনি আর্থিক সুবিধা অর্জন করতে পারবেন। **মীনঃ** আজকের দিনটা আপনার জন্য অনেক নতুন সুযোগ নিয়ে আসবে। নিজের মনের ইচ্ছেকে আজ বুঝতে পারবেন আপনি । সন্তান হতে পারে আজ। শুভদিন।

আবহাওয়া

দক্ষিণবঙ্গে আপাতত ঝড়-বৃষ্টির দাপট কমতে চলেছে। আলিপুর আবহাওয়া অফিস জানিয়েছে, শুক্রবার থেকে আবহাওয়া মূলত শুষ্ক থাকবে এবং পাল্লা দিয়ে বাবে পারদ।আবহাওয়া দফতর সূত্রে খবর, আগামী কয়েক দিনে সর্বোচ্চ তাপমাত্রা ধীরে ধীরে ৪ থেকে ৬ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে। গত ৭২ ঘণ্টার লাগাতার ঝড়-বৃষ্টিতে তাপমাত্রা অনেকটাই কমেছিল। বৃহস্পতিবার কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিখের চেয়ে ৮.৭ ডিগ্রি নিচে। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৩.৯ ডিগ্রি নিচে। তবে আজ থেকে মেঘমুগ্ধ আকাশ ও শুষ্ক আবহাওয়ার কারণে গরম আবার ফিরবে।আবহবিদদের মতে, উত্তর-পশ্চিম উত্তরপ্রদেশ থেকে মণিপুর পর্যন্ত একটি নিম্নচাপ অক্ষরেখা অবস্থান করছে, যা উত্তরবঙ্গের ওপর দিয়ে বিস্তৃত। এর ফলে বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প ঢুকছে এবং বজ্রগর্ভ মেঘ তৈরি হয়ে বৃষ্টি হচ্ছে। এছাা হ্রদিশগা ও সংলগ্ন এলাকায় একটি ঘূর্ণবর্ত থাকায় বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়েছিল। তবে শুক্রবার থেকে পরিস্থিতির উন্নতি হবে।এদিন থেকে দক্ষিণবঙ্গে ঝড়-বৃষ্টির দাপট কমলেও দক্ষিণ মৌসুমী ঝড়ও পশ্চিম মেদিনীপুর এবং পুরুলিয়ায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উপকূলীয় জেলাগুলিতে ঘণ্টায় ৬০ কিমি বেগে দমকা হাওয়া হতে পারে, যার ফলে সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা রয়েছে। তবে শনিবার থেকে পড়াশোনা ও ঝড়-বৃষ্টি অগ্রহত থাকতে পারে। দার্জিলিং, জলপাইগুড়ি এবং কালিমpong- এই তিন জেলায় বৃষ্টিজ কম ‘সতর্কতা’ জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতে হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। তবে শনিবার থেকে পড়াশোনা ও ঝড়-বৃষ্টি কমে আবহাওয়া শুষ্ক হওয়ার সম্ভাবনা রয়েছে।চেন্নৈ শেষে কার্লোবোশারি ফ্রন্টিয়েটের রাজ্যবাসী। সর্বোচ্চ আর্দ্রতার পরিমাণ ১০০ শতাংশে পৌঁছে যাওয়ার অবশিষ্টতার ব্যাপস গর্মে অনুভূত হতে পারে বলেও জানানো হয়েছে। আপেক্ষিক আর্দ্রতা আজ হতে পারে ৯৮ শত করা এবং সর্বনিম্ন ৮০ শতকরা হতে পারে। বৃষ্টি ইমনি আজ।

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৭টা ৫৫মিনিট এবং রাত ০১ টা ৫১ মিনিট।
ভাটা-দুপুর ১১টা ৫৫মিনিট এবং রাত ০৮টা ৫০ মিনিট।
সূর্যউদয়ঃ সকাল ৫টা ৪১মিনিটে হতে পারেএবং অস্ত যাবে আজ ৫টা ৫৫মিনিটে হতে পারে।

শান্তিপূর্ণ,ভয়মুক্ত ছাপ্পা মুক্ত, হিংসা মুক্ত ভোটের বার্তা

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১০ এপ্রিল : বিধান সভা ভোটের দিনক্ষণ ঠিক হওয়ার সঙ্গে সঙ্গেই , কেন্দ্র ও রাজ্য নির্বাচন কমিশনের সম্মানিত শিল্পী উস্তর স্বপন দত্ত বাউল গানে শান্তিপূর্ণ ভোট বার্তায জেলায় জেলায় ঘুরছেন।। ভবানীপুর সহ কলকাতায় বিভিন্ন জেলায় ভোট প্রচারে প্রথমাংশ পেয়ে ১৭ টি জেলা ঘুরে এবার আরামবাগে বাস স্ট্যাণ্ডে, রেল স্টেশন, এস ডি ও অফিস চত্বরে ও জমজমাট এলাকায় ঘুরে ঘুরে বাউল গানে শান্তিপূর্ণ ভোটের বার্তা দেন। প্রাক্তন রাষ্ট্রপতির প্রশংসিত, সম্মানিত, আশীর্বাদ ধন্য উপস্থার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী উস্তর স্বপন দত্ত বাউল গানে গানে বলেন , শান্তিপূর্ণ ভোট দাও কেউ শান্তি ভঙ্গ করবেন না। নিজের ভোট নিজে দাও। নির্ভয়ে ভোট দাও। ভোট দানে কেউ পিছু হেঁটো না। কেউ ভোট নষ্ট করোে না। একটি ভোটের মূল্য অনেক। বক্তব্যে স্বপন দত্ত বাউল বলেন গনতন্ত্রের উপর আস্থা ভরসা রাখুন। অবাধ পক্ষপাতহিন ভোট করতে হবে। ধর্ম জাতি ভেদা ভেদ কেউ কোরো না। সকলেই শান্তিপূর্ণ ভোটের অঙ্গীকার করো। দুর্গাপূজা ঈদের মত ভোট আমাদের বড় উৎসব । ভোটের দিনে যেনো কোনো প্রাণহানি না ঘটে প্রাণহানি মুক্ত ভোট করতে হবে। স্বপন বাউল বলেন, এর আগে আমি পঞ্চায়েত ভোট ও পৌরসভা ভোট সচেতন করছি।

ভোটের মুখে ইডির তলবের মুখে বিধাননগরের সুজিত বসু ও মধ্যমগ্রামের রথীন ঘোষ-রাজনৈতিক তরজা তুঙ্গে

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১০ এপ্রিল : বিধানসভা নির্বাচনের ঠিক আগে আবারও সক্রিয় হয়ে উঠল এনোফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। শাসকদল তৃণমূল কংগ্রেসের একাধিক প্রাণীর বিরুদ্ধে তদন্ত প্রক্রিয়া জোরদার করায় নতুন করে রাজনৈতিক উত্তাপ ছাড়িয়েছে রাজ্যে। এবার ইডির তলবের তালিকায় রয়েছেন বিধাননগর কেন্দ্রের তৃণমূল প্রাণী সুজিত বসু এবং মধ্যমগ্রাম কেন্দ্রের প্রাণী রথীন ঘোষ। দু’জনকেই শনিবার সন্টলেকের সিজিও কমপ্লেক্সে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে।

এই নিয়ে সুজিত বসুকে তৃতীয়বার এবং রথীন ঘোষকে দ্বিতীয়বার নোটিস পাঠানো হল বলে জানা গিয়েছে।

ইডি সূত্রে খবর, পুরনিয়োগ সংক্রান্ত দুনীতি মামলায় সুজিত বসুকে জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়েছে। এর আগেও তাঁকে দু’বার তলব করা হয়েছিল। তবে প্রতিবারই তিনি ব্যক্তিগত এবং রাজনৈতিক ব্যস্ততার কথা জানিয়ে হাজিরা দিতে পারেননি। বর্তমানে নির্বাচনী প্রচারে ব্যস্ত থাকার কারণে এবারও হাজিরা দেওয়া তাঁর পক্ষে সম্ভব নয় বলে জানিয়েছেন তিনি। বৃহস্পতিবার ইডিকে পাঠানো এক চিঠিতে সুজিত বসু স্পষ্ট করে জানান যে, ভোটের আগে তাঁর পক্ষে সিজিও কমপ্লেক্সে গিয়ে হাজিরা দেওয়া সম্ভব নয়। তিনি চিঠিতে উল্লেখ করেন,



দেওয়া হয়েছে। তদন্তকারী সংস্থার অভ্যন্তরীণ সূত্রে জানা যাচ্ছে, গুরুত্বপূর্ণ প্রাণীরা এডিয়ে যান, তাহলে তাঁর বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়া হতে পারে। ফলে পরিস্থিতি কোন দিকে মোড় নেয়, তা নিয়ে জল্পনা তুঙ্গে উঠছে রাজনৈতিক মহলে। অন্যদিকে, মধ্যমগ্রাম কেন্দ্রের তৃণমূল প্রাণী রথীন ঘোষও ইডির নজরে রয়েছেন। জমি দখল সংক্রান্ত একটি মামলায় তাঁর বিরুদ্ধে তদন্ত

চলছে। গত বুধবার তাঁকে প্রথমবার তলব করা হলেও তিনি সেদিন হাজির হননি। এরপর দ্বিতীয়বার তাঁকে শনিবার হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। যদিও সূত্রের খবর, তিনিও ভোটের প্রচারে ব্যস্ত থাকায় এই মুহূর্তে হাজিরা দিতে পারবেন না বলে গিয়েছে।

জানিয়ে দিয়েছেন। এই পরিস্থিতিতে পরপর তৃণমূলের দুই গুরুত্বপূর্ণ প্রাণীরা এডিয়ে রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে। শাসকদল তৃণমূল কংগ্রেসের দাবি, ভোটের মুখে বিরোধীদের চাপে ফেলে দেওয়ার জন্যই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলিকে ব্যবহার করা হচ্ছে। তাঁদের মতে, এটি সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত পদক্ষেপ। যদিও এই অভিযোগের

বডি বিল্ডিংয়ে ত্রিমুকুট জয়ী অরিন্দম



।মলয় সূরঃ যতটা সম্ভব তেল ছাড়া সেদ্ধ খাবার খেতেন, বাহিরের জাক ফুড এড়িয়ে চলা এবং নিয়মিত কমপক্ষে চার ঘণ্টা ঘুম। সুস্থ শরীর আর সতেজ মনের এটাই চাবিকাঠি বলে মনে করেন ভদ্দেশ্বরের অরিন্দম রায় চৌধুরী। ২০১০ সালে দক্ষিন ভারিতে পন্ডিচেরিতে ৬০ কেজি বিভাগে জুনিয়র মিস্টার ইন্ডিয়া বডি বিল্ডিং চ্যাম্পিয়নশিপে বালার হয়ে সোনা জয় করেন হুগলির ভদ্দেশ্বরের অরিন্দম। এরপর ২০১৬-তে ইনকাম ট্যাক্স অফিসের বেঙ্গল সার্কেলে পুনেতে আয়োজিত ৭০ কেজি বিভাগে মিস্টার ইন্ডিয়াতে চ্যাম্পিয়ন খেতাব অর্জন করেন। ২০১৬-তে কলকাতায় ধর্মতলায় আয়কর ভবনের নিজস্ব বিল্ডিংয়ে ৭০ কেজি ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন অফ চ্যাম্পিয়ন হয়ে ইতিহাস তৈরি করেন ভদ্দেশ্বরের বরাদাত কৃষ্ণপট্টর বডি বিল্ডার অরিন্দম। এই প্রতিযোগিতায় ভারত-সহ মোট আটটি দেশের প্রতিযোগীরা অংশগ্রহণ করেন। সেখানে একের পর এক প্রতিদ্বন্দ্বীদের বধ করে অরিন্দম স্বর্ণপদক জয় করেন। তিনি জানান, আমার জীবনের এক অবিস্মরণীয় মুহূর্ত, আমার বাড়ির সদস্যরা ও পাড়ার শুভাকাঙ্ক্ষীদের সর্থন না থাকলে এই সাফল্য সম্ভব হতো না, তাঁদের প্রতি সে চির কৃতজ্ঞতার অর্পনদের বাবা বিভাস রায় চৌধুরী অরিন্দমের শৈশবে মারা যান। অরি দন্দমের ছোটবেলা খুব দারিদ্রের মধ্যে কেটেছে। শারীরিক দুর্বলতা কাটাতে এক চিকিৎসক তাকে ব্যায়ামের পরামর্শ দেন, তার পরেই শরীরচর্চা শুরু করেন। যদিও এর আগে ক্যারাটে বা তায়কোন্ডো অনুশীলন করতেন। ২০০৮ সালের অক্টোবর মাসে চন্দননগর ফিজিক্যাল কালচারাল বিবেকানন্দ স্পোর্টস ক্লাবে প্র্যাকটিস শুরু করেন। পরে বডি বিল্ডিংয়ে নিয়মিত অনুশীলন শুরু হন। রাজ্যস্তরে ১২ বার বেঙ্গল চ্যাম্পিয়ন হন। ২০১২ সালে কলকাতায় গভর্নমেন্ট প্রেস –এর ইনকাম ট্যাক্স অফিসে চাকরি পান। বর্তমানে চন্দননগর বাগবাজারে তাঁর একটি জিম আছে, সেখানে জিমের প্রশিক্ষক অরিন্দম। অরিন্দমের স্বপ্ন মনোহর আইচের মতো বডি বিল্ডিংয়ে আরও সাফল্য পাওয়া। স্বর্ণপদক জয়ী বলেন, শরীরচর্চার মাধ্যমে সুস্থ ও ফিট থাকা আমাদের দিলে লক্ষ্য। বেশিরভাগ মাঝে খাদ্যাভ্যাসে সচেতন নন।

বডি বিল্ডিংয়ের পাশাপাশি স্বাস্থ্য ঠিক রাখার মূল মন্ত্র হলো তেল ছাড়া সেদ্ধ খাবার। তাঁর কোন ছিলেন নীলাঞ্জন ঘোষ (জয়ান) এবং স্পেন জি। প্রতিদিন প্রোটিন হিসাবে সারাদিনে ৮০০ গ্রাম চিকেন, ২৬টি ডিম, ২ কাপ ভাত, মরশুমী ফলা। রাত সাড়ে দশটার মধ্যে ঘুমিয়ে পড়েন ও তোরবেলা তিনি উঠে দুগুট। শরীরচর্চা করতেন, আবার সন্ধ্যায় দু’ঘণ্টা জিমে সময় কাটান। চন্দননগর বাগবাজারে তাঁর নিজস্ব মাল্টিজিমে রয়েছে, সেখানে প্রশিক্ষক হিসাবে রয়েছেন এবং নিজেও প্র্যাকটিস করেন। বডি বিল্ডিং করছি বলেই এই কড়া রুটিন মেনে চলি তবে সাধারণ মানুষও যদি তেল ছাড়া সেদ্ধ খাবার খান, তবে অনেক দিন পর্যন্ত সুস্থ ও সুন্দর থাকতে পারবেন।

ভোটের মুখে রেশন দুনীতি মামলায় ইডির চিরুকনি তল্লাশি, কলকাতা-সহ ১২ জায়গায় অভিযান

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ১০ এপ্রিল : বিধানসভা নির্বাচনের আর মাত্র দু’সপ্তাহ বাকি। তারই মধ্যে ফের সক্রিয় হয়ে উঠল এনোফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। বহুদিন ধরে চলা রেশন দুনীতি মামলাতে তদন্ত নতুন করে গতি আনতে শুক্রবার ভোর থেকেই কলকাতা-সহ রাজ্যের একাধিক জেলায় একযোগে তল্লাশি অভিযান চালালে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। মোট ১২টি জায়গায় এই অভিযান চালানো হয়েছে বলে জানা গিয়েছে, যা ঘিরে রাজনৈতিক মহলে ইতিমধ্যেই চাঞ্চল্য তৈরি হয়েছে। ইডি সূত্রে খবর, রেশন দুনীতি মামলার শিকড়ে পৌঁছেত এই তল্লাশি অভিযান। গত কয়েক বর্ষ ধরে এই মামলার তদন্ত চলছে।

ইতিমধ্যেই রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী অভি্যুতিপ্রিয় মল্লিক-সহ একাধিক অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছিল। যদিও পরে তাঁরা জামিনে মুক্তি পান, তবুও তদন্ত এখনও শেষ হয়নি। তদন্তকারীদের দাবি, এই দুনীতির জাল আরও বিস্তৃত এবং তার সঙ্গে জড়িত একাধিক ব্যবসায়ী ও মধ্যস্থতাকারীর খোঁজ মিলছে ধীরে ধীরে।শুক্রবার ভোর হতেই ইডির একাধিক দল পৃথকভাবে অভিযানে নানো। কলকাতার বিভিন্ন জায়গার পাশাপাশি বনগাঁও, মুর্শিদাবাদ, হাওড়া-সহ মোট ১২টি স্থানে একযোগে হানা দেওয়া হয়। শহরের পোদ্দার কোর্টের একটি ব্যবসায়িক ঠিকানায় তল্লাশি চালানো হয়। পাশাপাশি মিষ্টো পার্কে এক ব্যবসায়ীর একাধিক

অফিস এবং লর্ড সিনহা রোডে তাঁর বাসভবনেও তল্লাশি চালান ইডি অধিকারিকরা। বিভিন্ন জায়গায় গুরুত্বপূর্ণ নথি এবং ডিজিটাল তথ্য খতিয়ে দেখা হচ্ছে বলে খবর। তদন্তকারী সংস্থার দাবি, এই অভিযানের সূত্র মিলেছে একে, গ্রেপ্তার হওয়া ব্যক্তির জিজ্ঞাসাবাদ রকো। তাকে জেরা করের একাধিক ব্যবসায়ীর নাম সামনে আসে। সেই তথ্যের ভিত্তিতেই এই তল্লাশি অভিযান চালানো হচ্ছে। ইডির অধিকারিকরা মনে করছেন, এই পর্বতীতে এই মামলার তদন্তভার পায় ইডি। তারপরই একে একে সামনে আসে একাধিক প্রভাবশালী নাম। জ্যোতিপ্রিয় মল্লিক, ব্যক্তি-রমান, শংকর আচার্য-সহ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়।

নদিয়া জেলায় ঘটে যাওয়া একটি ঘটনায় সে সময় ৭৬২ কিলোগ্রাম কালোবাজারি করা আটা উদ্ধার হয়, যা নিয়ে চাঞ্চল্য ছড়ায়। প্রথমে স্থানীয় থানায় অভিযোগ দায়ের হয় এবং পরে তদন্তে উঠে আসে আরও বড় চক্রের ইঙ্গিত। অভিযোগ, রেশন ব্যবস্থার আওতায় থাকা গমের ২০ থেকে ৪০ শতাংশ পর্যন্ত সরিয়ে নিয়ে তা সরকারি ছাপ দিয়েই কাণোবাজারে বিক্রি করা হত। এই বিপুল অর্থের লেনদেনেই তদন্তের মূল কেন্দ্রবিন্দু হয়ে ওঠে। পর্বতীতে এই মামলার তদন্তভার পায় ইডি। তারপরই একে একে সামনে আসে একাধিক প্রভাবশালী নাম। জ্যোতিপ্রিয় মল্লিক, ব্যক্তি-রমান, শংকর আচার্য-সহ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়।

যদিও মামলার তদন্ত এখনও চলমান এবং আরও নতুন তথ্য সামনে আসছে। ভোটের আগে এই ধরনের তল্লাশি অভিযান রাজনৈতিক মহলেও আলোড়ন তৈরি করেছে। শাসক শিবির বিষয়টির রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলেই দাবি করছে, অন্যদিকে তদন্তকারী সংস্থা চলেছে কাজে জানিয়েছে। সব মিলিয়ে, নির্াচনের প্রাক্কালে রেশন দুনীতি মামলায় ইডির এই তপরতা রাজ্যের রাজনৈতিক আবহকে আরও উত্তপ্ত করে তুলেছে। এখন দেখার, এই তদন্ত কোন নতুন দিক উন্মোচন করে এবং তার প্রভাব ভোটের ময়দানে কতটা পড়ে।

এসআইআর আতঙ্কে মগরাহাটে মৃত্যুর অভিযোগ, ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ায় চরম উদ্বেগে সাধারণ মানুষ

দক্ষিণ ২৪ পরগনা,১০এপ্রিল : ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার আতঙ্কে রাজ্যভূড়ে উদ্বেগ ক্রমশই বাড়ছে। এসআইআর প্রক্রিয়াকে ঘিরে তৈরি হওয়া এই অনিশ্চয়তা ইতিমধ্যেই বহু মানুষের মনে গভীর দৃশ্চিন্তার সৃষ্টি করেছে। সেই আতঙ্কের আবহেই দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটে এক ব্যক্তির মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে নির্বাচন প্রক্রিয়ার স্বচ্ছতা এবং কার্যকারিতা নিয়ে। মৃতের পরিবার এবং স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার মানসিক চাপই শেষ পর্যন্ত প্রাণ কেড়ে নিল ওই ব্যক্তির। মৃত ব্যক্তির নাম মাহমুদ গাজি, বয়স ৪৬। তিনি মগরাহাট পশ্চিম বিধানসভা এলাকার বাসিন্দা। পরিবার সূত্রে জানা গিয়েছে, এসআইআর প্রক্রিয়ার সময় মগরাহাটের ১৫৮ নম্বর বুথের ভোটার তালিকা থেকে তাঁর এবং তাঁর ছেলের নাম বাদ পড়ে যায়। বিষয়টি সামনে আসার পর তাঁরা

শালিমার স্টেশনে জিআরপির বিশেষ অভিযান

সুমন আদক : হাওড়ার শালিমার স্টেশনে জিআরপির বিশেষ অভিযানে বিদেশি মুদ্রা সহ নেপালি নাগরিক গ্রেফতার, প্রায় ২৪ লক্ষ টাকা উদ্ধার হয়েছে বলে সূত্রের খবর। জিআরপি এর বিশেষ অভিযানে হাওড়ার দক্ষিণ-পূর্ব রেলের শালিমার স্টেশন থেকে বিদেশি মুদ্রা সহ এক নেপালি নাগরিককে গ্রেফতার করা হয়েছে। অভিযুক্তের কাছ থেকে বিপুল পরিমাণ ইউরো, ডলার এবং নেপালি মুদ্রা উদ্ধার করা হয়েছে যার ভারতীয় বাজার মূল্য আনুমানিক ২৬ লক্ষ ৬৩ হাজার টাকা। পুলিশ সূত্রে জানা গেছে, পাটনা-শালিমার দূরন্ত এক্সপ্রেস থেকে নামার পর সন্দেহজনক কার্যকলাপের জন্য শালিমার জিআরপি ওই ব্যক্তিকে প্রথমে আটক করে। জিজ্ঞাসাবাদে তার পরিচয় জানা যায় তিনি নেপালের বাসিন্দা ইন্দ্র বাহাদুর কাটওয়াল। তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণ বিদেশি মুদ্রা উদ্ধার হয়।

বিজেপির প্রচার মিছিল ঘিরে সংঘর্ষ

